# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৫. মোশি মহা-বিনয়ী না মহা কঠোর?

পুরাতন নিয়মের চতুর্থ পুস্তক গণনাপুস্তক (শুমারী)। এ পুস্তকে কোথাও মোশিকে পৃথিবীর সকলের চেয়ে বিনম্র বলা হয়েছে। আবার কোথাও সকলের চেয়ে কঠোর, মহাক্রুদ্ধ রক্তপিপাসু, গণহত্যা, নারীহত্যা ও শিশুহত্যার প্রবক্তা হিসেবে চিত্রিত করা হয়েছে। শুমারী/ গণনাপুস্তকে (১২/৩) বলা হয়েছে: ‘‘দুনিয়ার লোকদের মধ্যে মূসা সকলের চেয়ে অতিশয় মৃদু স্বভাবের ছিলেন।’’ (মো.-১৩)

গণনাপুস্তকেই (৩১/১৪, ১৭, ১৮) বিপরীত তথ্য দেওয়া হয়েছে: ‘‘... মূসা ক্রুদ্ধ হলেন। মূসা তাদেরকে বললেন, তোমরা কি সমস্ত স্ত্রীলোকদের জীবিত রেখেছ? ... অতএব তোমরা এখন বালক-বালিকাদের মধ্যে সমস্ত বালককে হত্যা কর এবং শয়নে পুরুষের পরিচয় পেয়েছে এমন সমস্ত স্ত্রীলোককেও হত্যা কর; কিন্তু যে বালিকারা শয়নে পুরুষের পরিচয় পায়নি, তাদেরকে তোমাদের জন্য জীবিত রাখ।’’ (মো.-১৩)

এটাই কি ভূমণ্ডলের সকল মানুষের চেয়ে অধিক মৃদুশীল হওয়ার নমুনা?

Source — https://www.hadithbd.com/books/link/?id=13962

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন